গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৮
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১৩২.১৬.০১০.২১-৫১২

তারিখঃ ১৪ পৌষ ১৪২৮
২৮ ডিসেম্বর ২০২১

বিষয়ঃ উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলা পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক সভা অনুষ্ঠানের লক্ষ্যে তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ০৪.০০.০০০০.১১১.০৪.১৪৭.১৯-১০৮, তারিখ-১৯/১২/২০২১ খ্রিঃ, মন্ত্রিপরিষদ বিভাগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলা পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক সভায় তথ্য প্রেরণের লক্ষ্যে অক্টোবর-ডিসেম্বর/২০২১ সময়কালের তথ্য পত্রে বর্ণিত ছক মোতাবেক আগামী ২৯/১২/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে অত্র শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:১ ফর্দ।

(মোঃ একরামুল হক শামীম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫২২২(অ:)
ই-মেইল: section8.justice@gmail.com

কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

১। মহা পরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪ নং আব্দুল গণি রোড, ঢাকা।
২। সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ঢাকা, ১৫ কলেজ রোড, ঢাকা।
৪। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, জাতীয় মহিলা সংস্থা ভবন, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
৫। রেজিষ্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউ, ১৫ কলেজ রোড, ঢাকা।
৭। সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-১/৩/৪/৫/৬/৭), আইন ও বিচার বিভাগ।
৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। প্রশাসনিক কর্মকর্তা, অ্যাটর্নি জেনারেল অফিস, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
১১। প্রশাসনিক কর্মকর্তা, সরকারী অছি ও সরকারী রিসিভার অফিস, ৭৫ নয়া পল্টন, ঢাকা।

জ্ঞাতার্থেঃ

১। উপসচিব (প্রশাসন-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
আইন-১ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.১১১.০৪.১৪৭.১৯.১০৮

০৪ পৌষ ১৪২৮
তারিখ: ১৯ ডিসেম্বর ২০২১

বিষয়: **উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলা পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক সভা অনুষ্ঠানের লক্ষ্যে অক্টোবর-ডিসেম্বর/২০২১ সময়কালের তথ্য প্রেরণ।**

উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলা পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক সভা অনুষ্ঠানের লক্ষ্যে তাঁর মন্ত্রণালয়/বিভাগ এবং অধীনস্ত/সংশ্লিষ্ট/সংযুক্ত দপ্তর-সংস্থার অক্টোবর-ডিসেম্বর/২০২১ সময়কালের তথ্য আগামী **০৫/০১/২০২২** তারিখের মধ্যে নিম্নবর্ণিত ছকে সরাসরি আইন-১ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**ক) উচ্চ আদালতের সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলার ত্রৈমাসিক পরিসংখ্যান**

| বিবেচ্য সময়কালে দায়েরকৃত মামলার সংখ্যা | বিবেচ্য সময়কালের পূর্ব পর্যন্ত অনিষ্পন্ন মামলার সংখ্যা | মামলার মোট সংখ্যা (১+২) | বিবেচ্য সময়কালে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | সরকার-বিপক্ষে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | সরকার-বিপক্ষে নিষ্পত্তিকৃত মামলায় সরকার পক্ষে দায়েরকৃত আপিল/রিভিউ/রিভিশন সংখ্যা | বিবেচ্য সময়কালের শেষ কর্মদিবসে অনিষ্পন্ন মামলার সংখ্যা (৩-৪) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |

**খ) উচ্চ আদালতে চলমান অতিগুরুত্বপূর্ণ মামলার তথ্য**

| ক্রমিক | মামলা নম্বর | সংশ্লিষ্ট আদালতের নাম/কোর্ট নম্বর | রিট পিটিশনার/সরকারের প্রতিপক্ষের নাম-ঠিকানা | সংশ্লিষ্ট মূল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা | যে আইন, বিধি, পরিপত্র, আদেশ বা সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করা হয়েছে | মামলার সর্বশেষ অবস্থা | গুরুত্বপূর্ণ হওয়ার যৌক্তিকতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |

২। তথ্য প্রেরণের ক্ষেত্রে বিগত ১৮/১১/২১ তারিখে অনুষ্ঠিত কমিটির ১ম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ নিম্নে উদ্ধৃত করা হলো:-

*২.১/ মন্ত্রণালয়/বিভাগসমূহ নির্ধারিত ছকে সরকারি স্বার্থসংশ্লিষ্ট মামলার ত্রৈমাসিক তথ্য পরবর্তী মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে নিয়মিত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে। ত্রৈমাসিক ভিত্তিতে কমিটির সভা নিয়মিত অনুষ্ঠান করতে হবে।*

*২.২/মামলার বিষয়বস্তুর সাথে সরাসরি সংশ্লিষ্ট বা মূল বিবাদি হিসেবে পক্ষভুক্ত মন্ত্রণালয় বা সংস্থা উক্ত মামলার তথ্য এন্ট্রি করবে। বিষয়বস্তুর সাথে সংশ্লিষ্টতা নেই কিন্তু পক্ষভুক্ত করা হয়েছে এমন মন্ত্রণালয় বা সংস্থাসমূহ তথ্য প্রেরণের ক্ষেত্রে অনুরূপ মামলার বিষয় উল্লেখ বা গণনা করবে না; তবে আরজি বা রুল-নিশির কপি পাওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট মূল পক্ষভুক্ত মন্ত্রণালয় বা সংস্থাকে প্রেরণ/অবহিত করবে।*

*৩.১/ নিম্নবর্ণিত বিষয় সংশ্লিষ্ট মামলাসমূহ গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচনা করতে হবে, যথা:-*

*ক) সংসদের আইন, অধ্যাদেশ, রাষ্ট্রপতির আদেশ, বিধি, প্রবিধি এবং সরকারের গুরুত্বপূর্ণ পরিপত্র, নীতিমালা, ইত্যাদি চ্যালেঞ্জ করে দায়েরকৃত মামলাসমূহ;*

*খ) সরকারি সম্পত্তি সংক্রান্ত মামলাসমূহের মধ্যে জাতীয়, ঐতিহাসিক, সাংস্কৃতিক, অবস্থানগত গুরুত্ব এবং উচ্চ মূল্যমান বিবেচনায় গুরুত্বপূর্ণ হিসেবে চিহ্নিত মামলা;*

*গ) সরকারের গৃহীত উন্নয়ন প্রকল্প/কর্মসূচি/ভূমি অধিগ্রহণ সংক্রান্ত মামলাসমূহের মধ্যে মেগা-প্রজেক্ট, জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ বিবেচিত প্রকল্প, সরকারের অগ্রাধিকার কার্যক্রম ও কেপিআই সংশ্লিষ্ট মামলা;*

*ঘ) বিপুল পরিমাণ সরকারি অর্থের সংশ্লেষ রয়েছে এমন মামলাসমূহ; এবং*

*ঙ) বিশেষভাবে গুরুত্বপূর্ণ অন্য কোনো সরকারি স্বার্থ বিদ্যমান রয়েছে এমন মামলাসমূহ।*

*৩.২/ মন্ত্রণালয়/বিভাগসমূহ অধীনস্ত বা সংযুক্ত দপ্তর-সংস্থা থেকে প্রেরীত তথ্য একত্রিত করে মামলার সমন্বিত পরিসংখ্যান এবং গুরুত্বপূর্ণ মামলার তথ্য (বিষয়বস্তু) পর্যালোচনা করে মামলাটি গুরুত্বপূর্ণ কিনা- তা নির্ধারণ করে গুরুত্বপূর্ণ মামলা সংশ্লিষ্ট ছক প্রস্তুত করবে।*

৩। বিষয়টি জরুরি।


তানভীর আহমেদ
উপসচিব
ফোন: ০২২২৩৩৫৪৫৩৯
মোবাইল: ০১৭৭৪-৯৭৯৮৭৬
ই-মেইল: law_sec1@cabinet.gov.bd


প্রাপক:

১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২) সিনিয়র সচিব/সচিব (সকল)

আইন ও বিচার বিভাগ

৩) বিভাগীয় কমিশনার ---------------------------------(সকল)।